

জুন/২০২২ মাসের মাসিক সভার কার্য বিবরণী

সভাপতিঃ মোঃ সোলায়মান বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া

সভার তারিখ ও সময়ঃ ২৬/০৬/২০২২, সকাল-১১.০০ ঘটিকা

স্থানঃ "বজ্রকণ্ঠ" উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ব্যক্তিবর্গের তালিকাঃ পরিষদ "ক"

জনাব মোঃ সোলায়মান বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া এর সভাপতিত্বে জুন/২০২২ মাসের মাসিক সমন্বয় সভা "বজ্রকণ্ঠ" উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর পূর্ব বর্তী মাসের কার্য বিবরণী সকলকে পাঠ কল্পোনানো হয়। কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্ম কর্তাগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

উপজেলা প্রকৌশলীর কার্য লয় টুঙ্গিপাড়া

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<p>সভায় উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ প্রকল্প হতে বর্নি ইউনিয়নের পূর্ব বর্নি জামে মসজিদ সংযোগ সড়কের মাটির কাজ সম্পন্ন করা হয়। কিন্তু উক্ত রাস্তাটি এইচবিবি দ্বারা উন্নয়ন করতে গেলে স্থানীয় একজন তাহার জমির উপর দিয়ে রাস্তা করতে বাধা প্রদান করার কারণে কাজটি বাস্তবায়ন করা যাচ্ছে না। সভায় চেয়ারম্যান, বর্নি ইউনিয়ন পরিষদ জানান যে বর্নি ইউনিয়নের বর্নি ব্রীজের কাছে একটি রেগুলেটর স্থাপন করা প্রয়োজন এবং বর্নি ইউনিয়ন পরিষদের রাস্তাসহ ভবন সংস্কার করা প্রয়োজন। সিঙ্গিপাড়া থেকে বাশুড়িয়া ব্রীজ পর্যন্ত রাস্তা সংস্কার করা প্রয়োজন। সভায় চেয়ারম্যান, গোপালপুর ইউপি জানান যে, জোয়ারিয়া- বন্যাবাড়ী রাস্তায় বন্যাবাড়ী ব্রীজের নিকট একটি রেগুলেটর স্থাপন করা প্রয়োজন। সভায় চেয়ারম্যান, পাটগাতী ইউনিয়ন পরিষদ জানান যে, পাটগাতী বাসস্ট্যান্ডের প্রাণি সম্পদ কর্ম কর্তার কার্য লয় হতে গওহরডাঙ্গা মাদ্রাসা পর্যন্ত রাস্তাটি উন্নয়ন পাশ্বে প্রশস্ত করা প্রয়োজন। সভায় তিনি আরও জানান যে, মল্লিকের মাঠ হতে শ্রীরামকান্দি বেলতলা রাস্তাটিও প্রশস্ত করা প্রয়োজন। সভায় তিনি শ্রীরামকান্দি মৌজায় ডিজিটাল জরিপ করার জন্য অনুরোধ জানান। সভায় চেয়ারম্যান, ডুমুরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, চিংগড়ী নদী ভাংগনের কারণে রাস্তা বিলিন হয়ে গেছে। উক্ত স্থানে রাস্তা করা প্রয়োজন। সভায় তিনি আরও জানান যে, বড়ইতীটা থেকে বাঁশবাড়ীয়া রাস্তাটি সংস্কার করা প্রয়োজন এবং পেনাখালী বাজার নামক স্থানে ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। সভায় উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া জানান যে, সিঙ্গিপাড়া- বাশুড়িয়া ব্রীজ পর্যন্ত রাস্তাটি এলজিইডির অন্তর্ভুক্ত নয়। রাস্তাটি সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বাস্তবায়িত। রাস্তা প্রশস্ত করার জন্য প্রস্তাবিত রাস্তার উভয় পাশ্বে স্থানীয় ভাবে জায়গা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে পারলে রাস্তা প্রশস্ত করা যাবে। এ সকল ক্ষেত্রে প্রায়ই দেখা যায় প্রকল্প গ্রহণের পর প্রকল্প কাজ বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় বাধার সম্মুখিন হতে হয় এবং শেষে প্রকল্প কাজ বাদ দিতে হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>সিদ্ধান্তঃ রাস্তা প্রশস্ত করার জন্য রাস্তার উভয় পাশ্বে স্থানীয় ভাবে রাস্তার জায়গার ব্যবস্থা করতে পারলে উপজেলা প্রকৌশলীর কার্য লয় টুঙ্গিপাড়া হতে উক্ত কাজ বাস্তবায়ন করা যাবে। নতুন রাস্তা নির্মাণের জন্য ১২ ফুট প্রশস্ত রাস্তার জায়গা দিতে পারলে লিখিত প্রস্তাব প্রেরণের অনুরোধ জানান।</p>	<p>১। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া।</p>

উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর কার্য লয়

সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), টুঙ্গিপাড়া জানান যে, গভীর নলকূপ ও স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য কম স্বাভাবিক ভাবে চলছে।	---	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), টুঙ্গিপাড়া
--	-----	---

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)

<p>সভায় উপজেলা উন্নয়ন ফ্যাসিলিটের, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, টুঞ্জিপাড়া জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অধীনে প্যাকেজ নং- INF-2019-20-303591-01, কাজের নাম- টুঞ্জিপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আটোসনোগ্রাম মেশিন সরবরাহ কাজ। উক্ত কাজের প্রাক্কলন ছিল- ১৪,০৫,৪৫৪/= টাকা এবং চুক্তিমূল্য ছিল- ১২,৩৫,০০০.৯৮ টাকা। কাজটি সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে। এমতাবস্থায়, উক্ত কাজের বিল ছাড় করণের জন্য কাজ সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সিদ্ধান্তঃ প্রস্তাবটি সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে সভায় অনুমোদিত হয়।</p>	<p>(১) উপজেলা প্রকৌশলী, টুঞ্জিপাড়া (২) উপজেলা উন্নয়ন ফ্যাসিলিটের, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, টুঞ্জিপাড়া</p>
--	--	---

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তার কার্য লয়

<p>সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, ভিজিএফ এর বিতরণ কাজ সঠিকভাবে সম্পন্ন হয়েছে। উক্ত কাজে সার্বিক সহযোগিতার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় তিনি আরও জানান যে, উপজেলার কোথাও কোন প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতি হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের মাধ্যমে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তার কার্য লয়ে অবহিত করার জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>---o---</p>	<p>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	----------------	---

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্য লয়

<p>সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক টুঞ্জিপাড়া জানান যে, উপজেলাতে বোর মৌসুমে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ৯৫৪ মেঃটন ছিল কিন্তু এখন পর্যন্ত ৫৯৫ মেঃটন ধান সংগ্রহ করা হয়েছে। অবশিষ্ট ধান সংগ্রহের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভায় তিনি আরও জানান যে, খাদ্য বাস্তব কর্মসূচীর সুফলভোগীদের জন্য ডিজিটাল ডেটাবেজ প্রস্তুতির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কাজে সকলের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>---o---</p>	<p>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টুঞ্জিপাড়া</p>
--	----------------	---

ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঞ্জিপাড়া এর কার্য লয়

<p>সভায় ডেপুটি জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঞ্জিপাড়া জানান যে, বর্তমানে অব্যাহত জ্বালানী মূল্য বৃদ্ধিজনিত কারণে বিদ্যুৎ উৎপাদন ব্যহত হওয়ায় সারা দেশে বিদ্যুৎ সাশ্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যে কারণে টুঞ্জিপাড়া উপজেলায় প্রতিদিন দিনে/রাতে যে কোন সময় ০২ (দুই) ঘন্টা করে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখা হবে। এই সাময়িক অসুবিধার জন্য সকলকে ধৈর্য ধারণ করার অনুরোধ জানান। সভায় তিনি বিদ্যুৎ সাশ্রয়ের জন্য রাত ৮টার পর থেকে জরুরী সেবায় নিয়োজিত দোকানপাট ব্যতীত সকল প্রকার দোকান বন্ধ রাখার অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>সিদ্ধান্তঃ রাত ৮টার পর সকল প্রকার দোকানপাট বন্ধ রাখার জন্য সর্ব সাধারণকে অবহিত করার লক্ষ্যে মাইকিং এর মাধ্যমে প্রচারণা চালানোর অনুরোধ জানান।</p>	<p>ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, টুঞ্জিপাড়া</p>
---	---	---

উপজেলা পরিসংখ্যান কর্ম কর্তার কার্য লয়

<p>সভায় উপজেলা পরিসংখ্যান কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, ডিজিটাল জনশুমারী কাজ সফল ভাবে সম্পন্ন হয়েছে। সকলের সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>---o---</p>	<p>উপজেলা পরিসংখ্যান কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	----------------	---

উপজেলা শিক্ষা কর্ম কর্তার কার্য লয়টুজিপাড়া

সভায় উপজেলা শিক্ষা অফিসার, টুজিপাড়া জানান ২০২১-২২ অর্থ বছরের বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য ডিভাইস ক্রয় করা হয়েছে, পরবর্তীতে দ্রুত সময়ের মধ্যে বিতরণ করা হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---o---	উপজেলা শিক্ষা কর্ম কর্তা টুজিপাড়া।
--	---------	-------------------------------------

উপজেলা কৃষি কর্ম কর্তার কার্য লয়টুজিপাড়া

সভায় উপজেলা কৃষি সম্প্রসারণ কর্ম কর্তা, টুজিপাড়া জানান যে, কৃষকদের মাঝে খরিপ-২ মৌসুমে বীজ ও সার প্রনোদনা প্রদান কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে চলছে।	---o---	উপজেলা কৃষি কর্ম কর্তা, টুজিপাড়া
--	---------	-----------------------------------

উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তার কার্য লয়

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা, টুজিপাড়া জানান যে, জুন/২০২২ মাসে বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন ইভটিজিং ও করেনা ভাইরাস প্রতিরোধে সচেতনতাবৃদ্ধিমূলক ০২টি উঠান বৈঠক করা হয়েছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পে (১) ফ্যাশন ডিজাইন ও (২) বিউটিফিকেশন ২টি ট্রেডে ৫০ জন করে মোট ১০০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ নিয়োগ সম্পন্ন করা হয়েছে এবং ক্লাস চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ২টি মামলা দায়ের করা হয়েছে। ১টি স্থানীয় ভাবে নিষ্পত্তি করা হয়েছে। অপরটি তদন্ত করে কোর্টে রিপোর্ট প্রেরণ করা হয়েছে। কিশোরী কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় পৌরসভা ক্লাব ও কুশলী ক্লাব পরিদর্শন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	--o--	উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা টুজিপাড়া
---	-------	--

উপজেলা সমাজসেবা কর্ম কর্তার কার্য লয়টুজিপাড়া

সভায় উপজেলা সমাজসেবা কর্ম কর্তা, টুজিপাড়া জানান যে, ২০২১-২২ অর্থ বছরে G2P এর মাধ্যমে বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি মোট ১৭,১৩০ জনকে ৪র্থ কিস্তি অর্থ প্রেরণ সম্পন্ন হয়েছে। অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্ক ভাতা ও শিক্ষা উপবৃত্তি ভাতা ১৪৪জনকে ৪র্থ কিস্তির অর্থ প্রেরণ সম্পন্ন হয়েছে। বেদে জনগোষ্ঠীর বিশেষ বয়স্ক ভাতা ১১ জনকে ৪র্থ কিস্তির অর্থ প্রেরণ সম্পন্ন হয়েছে। পল্লী সমাজসেবা কার্য ক্রম ও মাতৃত্বকেন্দ্রের আওতায় ৩৩০০০০ টাকা মূল বিনিয়োগ, ৭৮০০০০/= টাকা পুনঃবিনিয়োগ এবং দক্ষ ও প্রতিবন্ধী ক্ষুদ্রঋণ খাত হতে ২১০০০০/= টাকা পুনঃ বিনিয়োগ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---0---	উপজেলা সমাজ সেবা কর্ম কর্তা টুজিপাড়া
---	---------	---------------------------------------

উপজেলা প্রাণি সম্পদ কর্ম কর্তার কার্য লয়টুজিপাড়া

সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্ম কর্তা, টুজিপাড়া জানান যে, দাপ্তরিক স্বাভাবিক কার্য ক্রম সুষ্ঠুভাবে চলছে।	---o---	উপজেলা প্রাণি সম্পদ কর্ম কর্তা টুজিপাড়া
--	---------	--

উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তার কার্য লয়টুজিপাড়া

সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তা, টুজিপাড়া জানান যে, চলতি মাসে মোট ২২.২৯ লক্ষ টাকার ঋণ বিতরণ করা হয়েছে। বকেয়াসহ মোট আদায় ৩৫.২৪ লক্ষ টাকা। বর্তমানে কোন প্রশিক্ষণ কার্য ক্রম চলমান নেই। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	--o--	১। উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তা টুজিপাড়া
--	-------	--

উপজেলা সমবায় কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা সমবায় কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে; দেশের বিভিন্ন স্থানে সমবায় বিভাগের নিবন্ধন বিহীন বহুমুখী/মাল্টিপারপাস সমিতির নামে সঞ্চয় সংগ্রহ ও লোন কার্যক্রম পরিচালনা করছে। টুঞ্জিপাড়া উপজেলায় এ ধরনের কোন প্রতিষ্ঠান উপজেলা সমবায় কার্য লয়েরনজর এড়িয়ে কার্যক্রম পরিচালনা করে থাকলে, উপজেলা সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে; দুগ্ধ উন্নয়ন প্রকল্পের আওতায় এই উপজেলায় ১৬৬ জন দুগ্ধ খামারীকে ০৩ (তিন) বছর মেয়াদী ১৩৭,৫০,০০০/= (এক কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা সুদ বিহীন ঋণ দান করা হয়েছিল। বর্তমান মাস পর্যন্ত লক্ষণ আদায়ের পরিমাণ- ৪৬৮১৪০০/= টাকা। মাননীয় প্রধানমন্ত্রীর কার্য লয়ের আওতায় বাস্তবায়নাধীন আশ্রয়ন প্রকল্প ফেইজ ২ এর অধীনে উপজেলা সমবায় দপ্তর, টুঞ্জিপাড়া এর আওতায় নিবন্ধিত ০২টি সমিতিতে ৬৮ জন সদস্যকে ১১,১০,০০০/= টাকা ঋণ দান করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত আদায়- ৪৩৩৭০৬/=। সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় নারী উন্নয়ন সমিতির ০২টি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন মহিলা সদস্যদের মধ্যে ২,৪০,০০,০০০/= টাকা সুদ বিহীন ঋণ প্রদান করা ঋণ আদায়ের পরিমাণ- ১২৩৯৭৪০০/= টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য থানার মাধ্যমে নোটিশ প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>----০----</p>	<p>১। উপজেলা সমবায় কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	------------------	--

আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয়ী ব্যাংক, টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প, টুঞ্জিপাড়া জানান যে, আমার বাড়ী আমার খামার প্রকল্পে উন্নয়ন সমিতির সংখ্যা মোট ১৪৩টি, সমিতির মোট সদস্য সংখ্যা ৬১৯১জন, সমিতির মাধ্যমে সদস্যদের জমাকৃত সঞ্চয়ের পরিমাণ ২,৫০,২৯,০০০/= টাকা। সদস্যদের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে ২৩,৮৬,৫৯,০০০/= টাকা, আদায়ের পরিমাণ- ১৮,৫৩,২২০০০/= টাকা মাত্র আদায়ের হার ৭৫%। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>--০--</p>	<p>উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প</p>
--	--------------	---


সহকারী প্রোগ্রামার, ব্যানবেইস এর কার্য লয়

<p>সভায় সহকারী প্রোগ্রামার, ব্যানবেইস, টুঞ্জিপাড়া জানান যে, দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	<p>--০--</p>	<p>সহকারী প্রোগ্রামার, ব্যানবেইস, টুঞ্জিপাড়া</p>
---	--------------	---

চেয়ারম্যান, বর্নি ইউনিয়ন পরিষদ টুঞ্জিপাড়া

<p>সভায় চেয়ারম্যান, বর্নি ইউনিয়ন পরিষদ, টুঞ্জিপাড়া জানান যে, বর্নি ইউনিয়নের ২, ৩ ও ৬নং ওয়ার্ডে কোন চৌকিদার নেই। চৌকিদার না থাকতে ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের নিরাপত্তা ব্যবস্থাসহ বিভিন্ন ধরনের সমস্যা দেখা দিচ্ছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট ওয়ার্ডের চৌকিদার নিয়োগের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।</p>	<p>--০--</p>	<p>চেয়ারম্যান, বর্নি ইউনিয়ন পরিষদ টুঞ্জিপাড়া।</p>
---	--------------	--

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ সোলায়মান বিশ্বাস)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.১২-৯৭২

তারিখঃ ২৬/০৬/২০২২খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ০৫। মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি, গোপালগঞ্জ-৩।
- ০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ০৮। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।
- ০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ১০। উপজেলা কর্মকর্তা/টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।
- ১১। চেয়ারম্যান ইউপি (সকল), টুঙ্গিপাড়া।
- ১২। জনাব
- ১৩। অফিস কপি।

(মোঃ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
ফোন নং-(০২) ৬৬৫৬২০২